তারিখ 11 JAN
পৃষ্ঠা 2 কলাম 6

পাঠ্যবইয়ে ভুল

# এনসিটিবির চিত্রকর সাসপেন্ড

■ সমকাল প্রতিবেদক

নতুন পাঠ্যবইয়ে ভুলত্রুটির ঘটনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) এক কর্মকর্তাকে সাসপেন্ড করেছে কর্তৃপক্ষ। এনসিটিবির আর্টিস্ট কাম ডিজাইনার সুজাউল আবেদিনকে গতকাল মঙ্গলবার সাময়িক বরখাস্ত করা হয়।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব সুবোধ চন্দ্র ঢালী সমকালকে বলেন, এনসিটিবির গঠিত তদন্ত কমিটির প্রাথমিক তদন্তের ভিত্তিতে তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

পাঠ্যবইয়ের ভুল পর্যালোচনা করতে গত ৫ জানুয়ারি এনসিটিবির সদস্য (অর্থ) কাজী আবুল কালামকে আহ্বায়ক করে তিন সদস্যের ■ পৃষ্ঠা ১৭ : কলাম ৮

## এনসিটিবির চিত্রকর

[দ্বিতীয় পৃষ্ঠার পর]

কমিটি গঠন করা হয়। ওই কমিটির প্রাথমিক তদন্তের পরিপ্রেক্ষিতে গত সোমবার এনসিটিবির প্রধান সম্পাদক প্রীতিশ কুমার সরকার ও ঊর্ধ্বতন বিশেষজ্ঞ লানা হুমায়রা খানকে ওএসডি করা হয়।

এদিকে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ সোমবার পাঠ্যপুস্তকে ভুলত্রুটি নির্ণয় ও এসব ভুলের জন্য দায়ী ব্যক্তিদের চিহ্নিত করতে তিন সদস্যের একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠন করে।

এতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের অতিরিক্ত সচিব রুহী রহমানকে আহ্বায়ক, একই বিভাগের যুগ্ম সচিব মাহমুদুল ইসলাম এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের পরিচালক (মাধ্যমিক) অধ্যাপক এলিয়াস হোসেনকে সদস্য করা হয়েছে। কমিটিকে সাত কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলেছে শিক্ষা মন্ত্রণালয়।